৫। মূল্য সংযোজন কর ধার্যের জন্য মূল্য নিরূপণ।– (১) পণ্য আমদানির ক্ষেত্রে যেই মূল্যের উপর মূল্য সংযোজন কর প্রদেয় হইবে তাহা নিরূপণ করা হইবে Customs Act এর Section 25 [1][অথবা section 25A] এর অধীন আমদানি শুল্ক আরোপনীয় মূল্যের সহিত আমদানি শুল্ক এবং সম্পূরক শুল্কসহ অন্যান্য শুল্ক ও কর (যদি কিছু থাকে), আগাম আয়কর ব্যতীত, যোগ করিয়া।

(২) উপ-ধারা (৩) এর বিধান সাপেক্ষে, পণ্য সরবরাহের ক্ষেত্রে যেই মূল্যের উপর মূল্য সংযোজন কর প্রদেয় হইবে, তাহা উক্ত পণ্যের [2][প্রস্তুতকারক বা উৎপাদক বা ব্যবসায়ী] কর্তৃক ক্রেতার নিকট হইতে প্রাপ্য পণ, যাহাতে [প্রস্তুতকারক বা উৎপাদক বা [3][ব্যবসায়ী] কর্তৃক ক্রয়কৃত উপকরণ মূল্য, যাবতীয় ব্যয় ও তৎকর্তৃক প্রযোজ্য ক্ষেত্রে, প্রদত্ত কমিশন, চার্জ, ফি ও সম্পূরক শুল্কসহ সকল শুল্ক ও কর (মূল্য সংযোজন কর ব্যতীত) এবং মুনাফা অন্তর্ভুক্ত থাকিবেঃ

তবে শর্ত থাকে যে, আমদানীকৃত উপকরণ ব্যবহারক্রমে করযোগ্য পণ্য প্রস্তুতকরণ বা আমদানীকৃত পণ্য বিক্রয়, বিনিময় বা প্রকারান্তরে হস্তান্তরের ক্ষেত্রে Customs Act এর Section 25 অথবা 25A মোতাবেক যে মূল্যের ভিত্তিতে ধারা ৯ অনুযায়ী উপকরণ কর রেয়াত গ্রহণ করা হয় সেই মূল্যের ভিত্তিতে সরবরাহকৃত পণ্যের মূল্য সংযোজন কর আরোপযোগ্য মূল্য নিরুপণ করিতে হইবে [4][ঃ]]

[5][[6][****] শর্ত থাকে যে, কোন ব্যবসায়ী কর্তৃক নির্দিষ্ট পণ্য বা পণ্য শ্রেণীর সরবরাহের ক্ষেত্রে বোর্ড, সরকারী গেজেটে প্রজ্ঞাপনের দ্বারা মূল্য সংযোজন করের ভিত্তি নিরূপণের উদ্দেশ্যে উক্ত পণ্য বা পণ্য শ্রেণীর মূল্য সংযোজনের হার এবং পরিমাণ নির্দিষ্ট করিতে পারিবে।]

[7][(২ক) কোন নিবন্ধিত উৎপাদক কর্তৃক চুক্তির ভিত্তিতে অন্য কোন নিবন্ধিত উৎপাদকের ব্রান্ডযুক্ত পণ্য উৎপাদনের ক্ষেত্রে, বোর্ড, বিধি দ্বারা উক্ত পণ্যের মূল্য নিরূপণের পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।]

[8][(২খ) কোন উৎপাদনকারী বা আমদানীকারক পণ্যের গায়ে বা ধারকে বা প্যাকেটে মুদ্রিত আকারে অভিন্ন মূল্যে পণ্য সরবরাহ করিতে চাহিলে উৎপাদনকারী কর্তৃক উৎপাদন পর্যায়ে এবং আমদানীকারক কর্তৃক সরবরাহ পর্যায়ে, বোর্ডের পূর্বানুমোদনক্রমে এবং সমূদয় কর পরিশোধ সাপেক্ষে, বিধি দ্বারা নির্ধারত পদ্ধতিতে, উহা সরবরাহ করিতে পারিবে।]

[9][(২গ) উপ-ধারা (২) এ যাহা কিছুই থাকুক না কেন, সরকার কোন পণ্য বা সেবার মূল্য স্থিতিশীল রাখার অভিপ্রায়ে সরকারি কোন দপ্তর বা অপর কোন সংস্থার মাধ্যমে উক্ত পণ্য বা সেবার একক ম–ল্য নির্ধারণ করিলে উক্ত নির্ধারিত ম–ল্য হইতে পশ্চাদগণনার মাধ্যমে (back calculation) উৎপাদন বা সেবা প্রদানস্তরে প্রদেয় সমুদয় মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্ক আদায়যোগ্য হইবে।

(৩) যে পণ্যের ক্ষেত্রে খুচরা মূল্যের ভিত্তিতে মূল্য সংযোজন কর আরোপিত হইবে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, তাহা স্থির করিতে পারিবে এবং মূল্য সংযোজন কর আরোপের ক্ষেত্রে উক্ত পণ্যের খুচরা মূল্য হইবে উহার প্রস্তুতকারক বা উৎপাদক কর্তৃক সংশ্লিষ্ট কর্মকর্তার অনুমোদনক্রমে, নির্ধারিত সেই মূল্য যাহাতে সকল প্রকার ব্যয়, কমিশন, চার্জ, শুল্ক ও কর অন্তর্ভুক্ত থাকিবে এবং উক্ত পণ্যে বিশেষ ছাপ (brand) বা চিহ্ন যুক্ত করিয়া উহা যেই মূল্যে (যাহা উক্ত পণ্যের গায়ে বা উহার প্রতিটি মোড়ক, থলিয়া বা কোষে সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত করা হয়) সাধারণ ভোক্তাদের নিকট বিক্রয় হইবে।

(৪) সেবা প্রদানের ক্ষেত্রে মূল্য সংযোজন কর ধার্য করা হইবে সর্বমোট প্রাপ্তির উপরঃ

[10][তবে শর্ত থাকে যে, কোন নির্দিষ্ট সেবার ক্ষেত্রে বোর্ড, আদেশ দ্বারা, প্রকৃত মূল্য সংযোজনের অথবা তৎকর্তৃক এতদুদ্দেশ্যে সরকারী গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে মূল্য সংযোজন কর ধার্য করিতে পারিবে [11][ঃ

১। অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮(২) বলে "অথবা ংবপঃরড়হ ২৫অ" শব্দগুলি, সংখ্যাটি ও অক্ষরটি সন্নিবেশিত।

২। অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬(৩)(ক)(খ)(গ) বলে "প্রস্তুতকারক বা উৎপাদক" এবং প্রস্তুতকারক বা উৎপাদকের" শব্দগুলির পরিবর্তে শব্দগুলি এবং দাঁড়িটির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত এবং শর্তাংশ সংযোজিত।

৩। অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৭ বলে "ব্যবসায়ী কর্তৃক ক্রয়কৃত উপকরণ মূল্য, যাবতীয় ব্যয় ও তৎকর্তৃক প্রযোজ্য ক্ষেত্রে, প্রদত্ত কমিশন, চার্জ, ফি ও সম্পূরক শুল্কসহ সকল শুল্ক ও কর (মূল্য সংযোজন কর ব্যতীত) এবং মুনাফা অন্তর্ভুক্ত থাকিবে" শব্দগুলি, কমাগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত।

৪। অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫ নং আইন) এর ধারা ৬(২) বলে দাঁড়ির পরিবর্তে কোলন প্রতিস্থাপিত।

৫। অর্থ আইন, ২০০১ (২০০১ সনের ৩০ নং আইন) এর ধারা ৭৩ বলে ধারা ৫ এর উপ-ধারা (২) এর দ্বিতীয় শর্তাংশের পরিবর্তে প্রতিস্থাপিত।

৬। অর্থ আইন, অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭৪ বলে ধারা ৫ এর উপ-ধারা (২) এর "আরও" শব্দ বিলুপ্ত।

৭। অর্থ অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১০ নং অধ্যাদেশ) এর ধারা ৫৯ বলে (২ক) প্রতিস্থাপিত।

৮। অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৪৬ বলে দফা ৫ এর উপ-ধারা (২ক) এর পর নতুন উপ-ধারা (২খ) সন্নিবেশিত হইবে।

৯। অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৪৮(ক) বলে উপ-ধারা (২খ) এর পর ন–তন উপ-ধারা (২গ) সন্নিবেশিত।

১০। অর্থ আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১১ নং আইন) এর ধারা ৯(২) (ক) বলে মূল শর্তাংশের পরিবর্তে প্রতিস্থাপিত।

আরও শর্ত থাকে যে, সেবা প্রদানকারী বিনাম—ল্যে সেবা প্রদান করিলেও সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উক্ত সেবার উপর ন—্যনতম ম—ল্য সংযোজন কর ধার্য করিতে পারিবে।]

[১২][(৪ক) কোন নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের ক্ষেত্রে, কোন নির্দিষ্ট কর মেয়াদে উক্ত ব্যবসায়ীর সরবরাহ বাবদ প্রাপ্ত বা প্রাপ্ত বলিয়া বিবেচিত মোট মূল্য, যাহা বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নিরুপিত হইবে, এর ভিত্তিতে মূল্য সংযোজন কর আরোপ করা যাইবে।]

(৫) যেই পণ্যের ক্ষেত্রে বাণিজ্য বাটা (trade discount) প্রদান করা হয় সেই পণ্যের ক্ষেত্রে, মূল্য সংযোজন কর আরোপযোগ্য হইবে বাণিজ্য বাটা প্রদানের পর যেই মূল্যে উহা সরবরাহ করা হয় সেই মূল্যের উপরঃ

তবে শর্ত থাকে যে, বাণিজ্য বাটা প্রদানের পর যেই মূল্যে উক্ত পণ্য সরবরাহ করা হয় উহা চালানপত্রে উল্লেখ করিতে হইবে এবং প্রদত্ত বাণিজ্য বাটার পরিমাণ সাধারণ ব্যবসায় রীতির সহিত সঙ্গতিপূর্ণ হইতে হইবে।

[১৩][[১৪]* * * * * * * *

(৭) এই ধারায় যাহা কিছুই থাকুক না কেন, যদি বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনা ও যথোপযুক্ত অনুসন্ধানপূর্বক সন্তুষ্ট হয় যে কোন করযোগ্য পণ্য বা সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর, বা ক্ষেত্রমতে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শূল্ক ধার্য করার নিমিত্তে উহার ট্যারিফ মূল্য নির্ধারণ করা সমীচীন তাহা হইলে বোর্ড সরকারী গেজেটে জারিকৃত আদেশ দ্বারা উক্ত করযোগ্য পণ্য বা সেবার ট্যারিফ মূল্য নির্ধারণ করিতে পারিবে।]

---

[১১]। অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৪৮(খ) বলে শর্তের পর "দাড়ি" চিহ্ন এর পরিবর্তে "কোলন" চিহ্ন প্রতিস্থাপিত এবং ন—তন শর্ত সংযোজিত।

[১২]। অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ...(৫) বলে "৪ক" সংযোজিত।

[১৩]। অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১(৪) (২) বলে উপ-ধারা(৬) এবং (৭) সন্নিবেশিত।

[১৪]। অর্থ আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১১ নং আইন) এর ধারা ৯(২) (খ) বলে উপ-ধারা (৬) বিলুপ্ত।